

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 06 April, 2025

ঈদুল ফিতরের ছুটি শেষে কর্মস্থলে ফিরছেন মানুষ। এরই মধ্যে বাস ভাড়া নিয়ে শুরু হয়েছে ভোগান্তি। অতিরিক্ত ভাড়া নেওয়ার প্রতিবাদ করায় শেরপুরে এক যাত্রীকে ছুরিকাঘাত করেছে বাসের হেল্পার।

রবিবার (৬ এপ্রিল ২০২৫) দুপুর ১২টার দিকে শেরপুর পৌর শহরের অষ্টমীতলা বাসস্ট্যান্ডে এ ঘটনা ঘটে। আহত যুবকের নাম শাকিল মাহমুদ (২৩)। তিনি শেরপুর জেলার নকলা উপজেলার বারইকান্দি গ্রামের বাসিন্দা। তাকে আহত অবস্থায় শেরপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, ঝিনাইগাতী থেকে ঢাকাগামী 'তাকিফ পরিবহন' নামে একটি বাস ঈদ শেষে অতিরিক্ত ভাড়া নিচ্ছিল। নির্ধারিত ভাড়া ৫০০ টাকা হলেও যাত্রীদের কাছ থেকে জোরপূর্বক ৮০০ টাকা করে আদায় করছিল বাস কর্তৃপক্ষ। এ সময় যাত্রী শাকিল মাহমুদ অতিরিক্ত ভাড়ার প্রতিবাদ করেন। একপর্যায়ে বাসের হেল্পার জসিম তার সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন এবং পেছন থেকে ছুরি দিয়ে আঘাত করেন। পরে বাসের চালক আলমগীর চালকের সিট ছেড়ে এসে শাকিলকে গালাগাল করে মারধর করেন এবং প্রাণনাশের হুমকি দেন।

এই ঘটনার বাসের ভেতরের ভিডিও ইতোমধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে ফেসবুকে ভাইরাল হয়েছে, যা নিয়ে স্থানীয়দের মাঝে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

খবর পেয়ে শেরপুর সদর থানা পুলিশ দ্রুত অভিযান চালিয়ে বাসচালক আলমগীর (৩৫) ও তাকিফ পরিবহনের বাসটি আটক করে থানায় নিয়ে আসে। তবে ঘটনার পরপরই হেল্পার জসিম পালিয়ে যান।

ঘটনার বিষয়ে শেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) আশরাফ বলেন, 'বাসচালককে আটক করে বাসটি জব্দ করা হয়েছে। আহত যাত্রীকে চিকিৎসা দেওয়া হচ্ছে। পলাতক হেল্পারকে ধরতে অভিযান চলছে। ঘটনার তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/mymensingh/383775807>